

অনেক বেশি এক্সাইটেড তানজিন তিশা কারণ কী? -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-২৬ ঃ মেহেরপুর-শনিবার ৮ নভেম্বন ২০২৫ ইং ঃ ২৩ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১৬ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## দেশব্যাপী জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

১৯৭৫ সালের ৭ নভেম্বরের সিপাহি-জনতার অভ্যুত্থানকে স্মরণ করে আজ দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে 'জাতীয় বিপ্লব ও সংহতি দিবস'।
দিনটি উদযাপন করা হয়েছে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রাষ্ট্রনায়ক হিসেবে আবির্ভাবের ঐতিহাসিক মুহূর্তকে স্মরণ করার মধ্য দিয়ে।
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) দিনটি উপলক্ষে আলোচনা সভা, র‍্যালিসহ নানা কর্মসূচির আয়োজন করে।
দিবসটি স্মরণে সকালে সারাদেশে বিএনপির সকল কার্যালয়ে দলীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ১০টায় দলের শীর্ষ নেতারা শহীদ রাষ্ট্রপতি ও দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের সমাধিতে পুষ্পার্ঘ্য অর্পণ, দোয়া ও মোনাজাতে অংশ নেন।
বিকেলে রাজধানীর নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয় থেকে বিএনপির ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ শাখার উদ্যোগে একটি ২-এর পৃষ্ঠা দেখুন







## মেহেরপুর ও গাংনীতে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

# ঐক্যের দিনে বিভক্ত বিএনপি

নিজস্ব প্রতিবেদক


**মেহেরপুর জেলা বিএনপির ভেতরে দেখা গেছে স্পষ্ট বিভক্তি। জেলা বিএনপির নেতৃত্বাধীন একটি অংশ ও বিএনপির মনোনীত প্রার্থী মাসুদ অরুণের অনুসারীরা পৃথকভাবে দিবসটি পালন করেছেন।**

মেহেরপুর ও গাংনীতে পালিত হয়েছে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস। তবে ঐক্যের এই দিনে মেহেরপুর জেলা বিএনপির ভেতরে দেখা গেছে স্পষ্ট বিভক্তি। জেলা বিএনপির নেতৃত্বাধীন একটি অংশ ও বিএনপির মনোনীত প্রার্থী মাসুদ অরুণের অনুসারীরা পৃথকভাবে দিবসটি পালন করেছেন।
আমাদের সূর্যোদয়-এর প্রতিনিধিদের পাঠানো সংবাদ- মেহেরপুর : গতকাল শুক্রবার বিকেলে জেলা পরিষদ চত্বরে জেলা বিএনপির উদ্যোগে আলোচনা সভা ও র‍্যালির আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আনসার উল হক। প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। তিনি বলেন, "জিয়া পরিবার না থাকলে বাংলাদেশ কোনোদিন ভারতীয় আগ্রাসন থেকে মুক্ত থাকতে পারত না। আজ যে প্রাথমিক মনোনয়ন দেওয়া হয়েছে, ইনশাআল্লাহ ভবিষ্যতে আপনাদের জন্য একটি বড় সুসংবাদ আসবে।" বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম এবং জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু।নুষ্ঠানটি সঞ্চালনা করেন পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা। এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান হাফি, এম এ কে খায়রুল বাশার, মীর ফারুক, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, জেলা বিএনপির সাবেক আইনবিষয়ক সম্পাদক আবু সালেহ মোহাম্মদ নাসিম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম এবং জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু। অন্যদিকে, জেলা বিএনপির মনোনীত প্রার্থী মাসুদ অরুণ ও ২-এর পৃষ্ঠা দেখুন

## গণতন্ত্রকে হুমকির মুখে ফেলার নতুন চক্রান্ত চলছে: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

গণতন্ত্রকে হুমকির মুখে ফেলার নতুন চক্রান্ত চলছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (৭ নভেম্বর) রাজধানীর চন্দ্রিমা উদ্যানে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজারে পুষ্পার্ঘ্য অর্পণ ও দোয়া-মোনাজাতে অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, "৭ নভেম্বর সেনাবাহিনী ও সর্বস্তরের জনগণের সার্বিক সমর্থনের মধ্য দিয়ে জিয়াউর রহমান ক্ষমতার কেন্দ্রবিন্দুতে চলে আসেন। এই বিপ্লবের মূল চরিত্র ছিল জিয়াউর রহমানের প্রতি সেনাবাহিনী ও জনগণের স্বতঃস্ফূর্ত সমর্থন। তাই ৭ নভেম্বর জাতীয় জীবনে এক ঐতিহাসিক অবিস্মরণীয় দিন।"
তিনি বলেন, "এই বিপ্লবের মধ্য দিয়েই দেশে আইনের শাসন, বাকস্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা এবং সামাজিক শান্তি ফিরে এসেছিল। জাতির স্বাধীনতা ও স্বাধিকারের বিরুদ্ধে ২-এর পৃষ্ঠা দেখুন



# ছোট শহরের নীরবের সুর এখন বড় মঞ্চে

নিজস্ব প্রতিবেদক

"দেখাও যতো প্রতিভা তোমার"– এই প্রেরণাদায়ী শ্লোগানকে সামনে রেখে আবুল খায়ের কনজুমার গ্রুপের আয়োজনে সারাদেশব্যাপী চলছে প্রতিভা অন্বেষণ উৎসব 'মার্কস অলরাউন্ডার'। গতকাল শুক্রবার (৭ নভেম্বর ) কুষ্টিয়ার কলকাকলী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে বৃহত্তর কুষ্টিয়া অঞ্চলের গানের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত একাধিক রাউন্ডে প্রতিযোগিতায় অংশ নেন শতাধিক প্রতিভাবান তরুণ-তরুণী।
এই প্রতিযোগিতার সঙ্গীত বিভাগে সবার দৃষ্টি কাড়েন মেহেরপুরের তরুণ কণ্ঠশিল্পী আব্দুল্লাহ আল আমিন নীরব। নিখুঁত তাল-লয়ে তার অনবদ্য পরিবেশনা শ্রোতাদের মুগ্ধ করে তোলে। বিচারকদের মন জয় করে নীরব বিজয়ী হয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার টিকিট অর্জন করেন। নীরবের বাবা আবুল কাসেম অনুরাগী মেহেরপুর গাংনী পৌর এলাকার সুপরিচিত শিক্ষানুরাগী ও দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকার প্রকাশক, পাশাপাশি সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজের পরিচালক। মা উম্মে তানিয়া নীনা অনুরাগীও দীর্ঘদিন ধরে সংস্কৃতি ও শিক্ষাচর্চায় যুক্ত। আব্দুল্লাহ আল আমিন নীরব বলেন, "বাবা-মার স্নেহ, প্রেরণা ও আমার আত্মবিশ্বাসই আজ আমাকে এই সাফল্যের দ্বারপ্রান্তে নিয়ে এসেছে।" ছেলের এ অর্জনে উচ্ছ্বসিত নীরবের বাবা-মা বলেন, "নীরব ছোটবেলা থেকেই গান ভালোবাসে। আমরা শুধু চাই, সে যেন তার প্রতিভাকে দেশের কল্যাণে কাজে লাগাতে পারে।" আগামী বিভাগীয় পর্বে নীরব অংশ নিতে প্রস্তুতি নিচ্ছে। তার স্বপ্ন– একদিন জাতীয় মঞ্চে নিজের কণ্ঠে মানুষের হৃদয় ছুঁয়ে যাওয়া। নীরবের বাবা-মা ছেলের ভবিষ্যৎ সাফল্যের জন্য সবার কাছে দোয়া চেয়েছেন।




## নরমাল ডেলিভারি উৎসাহিত করতে মা-শিশুকে শুভেচ্ছা উপহার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে স্বাভাবিক সন্তান প্রসবকে উৎসাহিত করতে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম ২-এর পৃষ্ঠা দেখুন

## তরুণদের ভ্রমণ ও প্রবাস জীবনের পথপ্রদর্শক: জুবায়ের হোসেন

মুহম্মদ মহসীন



ভ্রমণ শুধু বিনোদন নয়; এটি শিক্ষার, অভিজ্ঞতার এবং দৃষ্টিভঙ্গি বিস্তারের অন্যতম মাধ্যম। এই দিকনির্দেশনা তরুণ সমাজের মাঝে ছড়িয়ে দিতে নিবেদিত প্রাণ হয়ে উঠেছেন জুবায়ের ট্রাভেলসের স্বত্বাধিকারী জুবায়ের হোসেন। জুবায়ের হোসেনের পথচলা শুরু হয়েছিল একটি সাধারণ স্বপ্ন থেকে–বিদেশগামী তরুণদের সহায়তা করা এবং স্থানীয় যুব সমাজকে পর্যটনের মাধ্যমে বিশ্বের সঙ্গে পরিচয় করানো। আজ সেই স্বপ্ন বাস্তব রূপ নিয়েছে। প্রবাস জীবনে পা রাখার আগে পাসপোর্ট, ২-এর পৃষ্ঠা দেখুন

## হতাশার দেয়ালে ঠেকে রেশমার শেষ সিদ্ধান্ত

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

শিশু লামিয়া ছিল মাত্র আড়াই বছরের। ছোট্ট মুখে হাসি ফুটলে ঘর আলো করে তুলত সে। কিন্তু বৃহস্পতিবার (৬ নভেম্বর) বিকেলে ইনসাফনগর গ্রামের সেই ঘর নিস্তব্ধ হয়ে যায় চিরতরে। মা রেশমা খাতুন (২৫) নিজের সন্তানকে শ্বাসরোধে হত্যার পর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন।
একটি পরিবারের দুইটি প্রাণ নিভে যাওয়ার এই ঘটনায় স্তব্ধ ২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই স্মৃতি ফাউন্ডেশনের ১০ কর্মকর্তার বিরুদ্ধে মামলা

সূর্যোদয় প্রতিবেদন

জিজ্ঞাসাবাদের নামে হত্যা ও নির্যাতনচেষ্টার অভিযোগে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের ১০ কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে। বৃহস্পতিবার (৬ নভেম্বর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. হাসিবুজ্জামান এর আদালতে মামলাটি করেন আহত জুলাইযোদ্ধা মো. জাহাঙ্গীর।
আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে শাহবাগ থানার ওসিকে ২-এর পৃষ্ঠা দেখুন



## শিক্ষক-কর্মচারী জোটের মাসুদ অরুনের সঙ্গে সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য জোটের নেতৃবৃন্দ গতকাল শুক্রবার মাসুদ অরুনের রাজনৈতিক ২-এর পৃষ্ঠা দেখুন



## গণতন্ত্র পুনরুদ্ধারে ঐক্যই মূল শক্তি

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহ: গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেছেন, ফ্যাসিবাদ বিরোধী রাজনৈতিক দলগুলোর ঐক্য রক্ষা ২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১



মেহেরপুরের বেকার যুবকদের আয়ের নতুন দিগন্ত বিদেশি পাখি পালন

# শখের ব্যবসা থেকে হয়ে উঠছে আয়ের নির্ভরযোগ্য উৎস

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের তরুণদের মধ্যে দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে বিদেশি সৌখিন পাখি পালন। সরকারি চাকরি বা বিদেশগমনের চিন্তা বাদ দিয়ে অনেক শিক্ষিত ও বেকার যুবক এখন নিজ বাড়িতেই গড়ে তুলছেন ছোট ছোট পাখির খামার। ফলে এটি শুধু শখ নয়, হয়ে উঠছে আয়ের নির্ভরযোগ্য উৎসও। মেহেরপুর গড়পাড়া এলাকার মামুন জানান, বিদেশ থেকে ফিরে এসে কী করবেন ভেবে পাচ্ছিলেন না। শখের বশে পায়রা পালন শুরু করেন তিনি। পরে ব্যবসায়িকভাবে বিদেশি পাখি পালন শুরু করেন। "এখন আমার দুইটি দোকান রয়েছে, যেখানে বিদেশি পাখি, তাদের খাবার ও খাঁচা বিক্রি করি," বলেন মামুন। আরেক উদ্যোক্তা শাকিল জানান, প্রায় পাঁচ বছর আগে শখের বসে পাখি পালন শুরু করেন তিনি। বর্তমানে তাঁর খামারে লাভবার্ড, ককাটেলবার্ড, বাজেরিকা, প্রিন্স বার্ড, ডায়মন্ড ঘুঘু ও অস্ট্রেলিয়ান ঘুঘুসহ প্রায় ১৫ প্রজাতির পাখি রয়েছে। "প্রথমে শখের জন্য শুরু করেছিলাম, এখন বছরে লক্ষাধিক টাকা আয় করছি," বলেন তিনি। সৌখিন খামারি শ্রাবন জানান, খুব অল্প জায়গা ও টাকায় বাড়ির ছাদ বা উঠানে এমন খামার গড়া ২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

**খবর (কেন্দ্র সিদ্ধান্তে ক্ষুব্ধ তৃণমূল নেতা কর্মীরা)**

ভোটের হাওয়া লেগেছে দেশে
করবে ভোট নেতাই
মেনে নেওয়ার চরম দশায়
আটকে গেছে যাতাই।
নেতাই নেতাই বাধছে যুদ্ধ
বলছে তারা ধানের শীষ
অনেক কথাই মিল থাকলেও
কথায় তাদের জবর বিষ।
পাল্টাপাল্টি শো ডাউন
পারলো না হতে এক
প্রার্থী বাছাই চূড়ান্ত হলেও
বিবেচনাই তোরা থাক।
তারেক জিয়ার কথায় তারা
দিল নাকো কান
কঠিন সময় আসবে যখন
থাকবেনা ধানের শীষের মান।



## মেহেরপুরে এসএসসি ব্যাচ-২০২০ ক্রিকেট টুর্নামেন্টে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে শুক্রবার বিকেলে অনুষ্ঠিত ক্রিকেট টুর্নামেন্টে ৮ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। ফাইনালে ৮ নং ওয়ার্ড ৬ উইকেটে ১ নং ওয়ার্ডকে পরাজিত করে। টস জিতে প্রথমে ব্যাটিং করা ১ নং ওয়ার্ড ১৪ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৫৭ রান সংগ্রহ করে। দলের সর্বোচ্চ ৬২ রান ২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শনিবার ॥ ২৩ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ৮ নভেম্বর ২০২৫ইং


# রাজনৈতিক বিরোধে দুশ্চিন্তায় সরকার

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক দলগুলোর মধ্যে গণভোটের দিন নির্ধারণ ও জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন নিয়ে এখনও কোনো সমঝোতা না হওয়ায় দুশ্চিন্তায় পড়েছে অন্তর্বর্তী সরকার। উপদেষ্টারা মনে করছেন, সরকারের পক্ষ থেকে সময় বেঁধে দেওয়ার পরও বিরোধ মেটাতে কার্যকর কোনো পদক্ষেপ চোখে পড়ছে না; বরং অবস্থান আরও জটিল হচ্ছে। গতকাল বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক সূত্রে জানা গেছে, গণভোটের দিন নিয়ে দীর্ঘ অনানুষ্ঠানিক আলোচনা হয় সেখানে। এ সময় রাজনৈতিক দলগুলোর বর্তমান অবস্থান বিশ্লেষণ করে কয়েকজন উপদেষ্টা হতাশা প্রকাশ করেন। তারা বলেন, গণভোটের দিন নিয়ে ঐকমত্যে পৌঁছানোর কোনো সম্ভাবনা আপাতত দেখা যাচ্ছে না। এর আগে ৩০ অক্টোবর অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বৈঠকেও গণভোটের বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। পরবর্তীতে গত সোমবার গণভোটের দিন, জুলাই জাতীয় সনদ এবং আরপিও-সংক্রান্ত চলমান রাজনৈতিক বিতর্ক নিয়ে জরুরি সভা ডাকা হয়। ওই বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতার আহ্বান জানানো হলেও পাঁচ দিন পার হয়ে গেলেও দৃশ্যমান কোনো অগ্রগতি হয়নি। সরকারি সূত্রে জানা যায়, এ পরিস্থিতিতে সরকার নিজেদের মধ্যে অনানুষ্ঠানিক আলোচনা চালিয়ে যাচ্ছে। তবে উপদেষ্টারা আশা করছেন, রাজনৈতিক দলগুলো শেষ পর্যন্ত নিজেরা একটি সিদ্ধান্তে পৌঁছাবে। অন্যদিকে, রাজনৈতিক দলগুলোর অবস্থানে কোনো নমনীয়তা দেখা যাচ্ছে না। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর গতকাল যশোরে এক অনুষ্ঠানে বলেন, "সংসদ নির্বাচনের আগে কোনো গণভোট হতে দেওয়া হবে না।"অন্যদিকে, ঢাকায় আট দলের কর্মসূচিতে জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মো. তাহের বলেন, "জাতীয় নির্বাচনের আগে গণভোট লাগবেই।" তিনি আরও জানান, বিএনপির সঙ্গে আলোচনার উদ্যোগ নেওয়া হলেও যোগাযোগ করা যায়নি। "মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে ফোন করেও পাওয়া যায়নি। আবারও চেষ্টা করা হবে আলোচনায় বসার জন্য," বলেন তাহের। বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী সমকালের সঙ্গে আলাপকালে বলেন, "এই উদ্যোগ পুরোপুরি হাস্যকর। বহু আলোচনার পর জুলাই সনদে সই করা হয়েছে। এখন নির্বাচনের প্রস্তুতির সময়। এক পক্ষ অন্য পক্ষের ওপর মত চাপিয়ে দিলে সেটা সফল হবে না।" বৈঠক শেষে নাম প্রকাশে অনিচ্ছুক দুইজন উপদেষ্টা সমকালকে জানান, কয়েকজন উপদেষ্টা জাতীয় নির্বাচনের দিনেই গণভোট আয়োজনের প্রস্তাব দিয়েছেন। তবে বিএনপির আপত্তি ও জামায়াতসহ কিছু দলের অনড় অবস্থান নিয়ে উদ্বেগও প্রকাশ করা হয়। তাদের মতে, একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট আয়োজন করলে পরিস্থিতি বিশৃঙ্খল হতে পারে। তিনজন উপদেষ্টা আশঙ্কা প্রকাশ করে বলেন, জাতীয় নির্বাচনের আগে গণভোট হলে অস্থিতিশীলতা সৃষ্টি হতে পারে। এছাড়া নির্বাচন কমিশনের সক্ষমতা নিয়েও প্রশ্ন তোলা

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# শীতের শুরুতে ঠোঁটের যত্ন

সূর্যোদয় প্রতিবেদন

শীতের শুরু মানেই বাতাসে শুষ্কতা। এ সময় মুখের ত্বকের সঙ্গে ঠোঁটও হারায় আর্দ্রতা। ঠোঁট ফেটে যায়, রুক্ষ হয়ে পড়ে, কখনো কখনো ফেটে রক্তও বের হয়। তবে চিন্তার কিছু নেই, ঘরে থাকা অল্প কিছু প্রাকৃতিক উপাদানেই সম্ভব ঠোঁটকে নরম, আর্দ্র ও আকর্ষণীয় রাখতে। শীতকালে ঠোঁটের যত্ন শুরু করতে হয় ভেতর থেকে। দিনে পর্যাপ্ত পানি পান করলে শরীর ও ঠোঁটদু'টিই থাকবে আর্দ্র। ঠোঁট বারবার জিভ দিয়ে ভেজানো থেকে বিরত থাকুন; এতে ঠোঁট আরও বেশি শুষ্ক হয়ে পড়ে। ঘরোয়া পদ্ধতিতে ঠোঁটের যত্ন- মধু: প্রাকৃতিক ময়েশ্চারাইজার হিসেবে কাজ করে। রাতে ঘুমানোর আগে ঠোঁটে অল্প মধু লাগিয়ে রাখলে সকালে ঠোঁট থাকবে নরম ও আর্দ্র। নারকেল তেল: শীতের রুক্ষতা দূর করে নারকেল তেল ঠোঁটের কোষকে পুষ্টি জোগায়। চিনি-মধুর স্ক্রাব: সপ্তাহে দুই দিন চিনি ও মধু মিশিয়ে হালকা স্ক্রাব করলে মৃত কোষ দূর হয়ে ঠোঁট হবে মসৃণ ও উজ্জ্বল। শসার রস: কালচে ভাব দূর করে ঠোঁটকে প্রাকৃতিক উজ্জ্বলতা দেয়।শীতে ঠোঁটের যত্নে দামি প্রসাধনী নয়, দরকার নিয়মিত পরিচর্যা। অল্প একটু নিয়মিত যত্নই পারে ফাটা ঠোঁটের যন্ত্রণা থেকে মুক্তি দিতে। শীতের এই মৌসুমে মধু, তেল আর যত্নে ঠোঁটকে নরম ও সুস্থ রাখে।



# "আগামী নির্বাচনে আর একটা মিরাকল হতে পারে": ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের শুক্রবার বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে আর একটা মিরাকল ঘটতে পারে। তিনি এই মন্তব্য করেন বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ইসলামী ছাত্রশিবির আয়োজিত 'কেন্দ্রীয় ছাত্র সংসদের নির্বাচিত প্রতিনিধি সংবর্ধনা-২০২৫' অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে। তাহের বলেন, "ছাত্রশিবির পরপর চারটি বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের ম্যান্ডেট লাভ করেছে। এটি প্রমাণ করে, ছাত্রশিবির কোনো একটি সংগঠন নয়; এটি সমগ্র দেশের ছাত্র-সমাজ। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে টর্চার সেল বন্ধ হয়েছে, গাঁজা-মদের আড্ডা বন্ধ হয়েছে, ডালের ঘনত্ব বেড়েছে।" তিনি আরও বলেন, তরুণ ছাত্র-ছাত্রীরা আদর্শবাদী দলকে সমর্থন দিয়েছে এবং

৩-এর পৃষ্ঠা দেখুন

# শতভাগ প্রস্তুত ইসি, ফেব্রুয়ারিতেই জাতীয় নির্বাচন

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ফেব্রুয়ারির প্রথম বা দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন আয়োজনে সম্পূর্ণ প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। কমিশনের জ্যেষ্ঠ নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ বলেছেন, "নির্বাচন আয়োজনে প্রস্তুতি শতভাগ সম্পন্ন। ফেব্রুয়ারির প্রথম বা দ্বিতীয় সপ্তাহে নির্বাচন হলে আমরা সম্পূর্ণ প্রস্তুত।" তিনি শুক্রবার (৭ নভেম্বর) বাংলাদেশ সংবাদ সংস্থাকে (বাসস) দেওয়া এক সাক্ষাৎকারে এসব তথ্য জানান। আব্দুর রহমানেল মাছউদ বলেন, "সর্বশেষ রিপোর্ট অনুযায়ী বিদেশ থেকে আনা ভোটের কালি এসে পৌঁছেছে। এটি নির্বাচন প্রস্তুতির একটি গুরুত্বপূর্ণ অংশ। ভোটের আগে প্রয়োজনীয় প্রায় সব মৌলিক কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে।" আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে

৩-এর পৃষ্ঠা দেখুন



# জুলাই সনদে 'নোট অব ডিসেন্ট' থাকবে না: নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক মো. নাহিদ ইসলাম বলেছেন, জুলাই সনদে কোনো ধরনের 'নোট অব ডিসেন্ট' থাকবে না। ঐকমত্যের ভিত্তিতে যা গৃহীত হয়েছে, জনগণই তা বাস্তবায়নের চূড়ান্ত রায় দেবে। শুক্রবার (৭ নভেম্বর) দুপুরে বাংলা একাডেমিতে ইউনিভার্সিটি টিচার্স ফোরামের (ইউটিএফ) আত্মপ্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, "জুলাই সনদে নোট অব ডিসেন্ট বলে কিছু নেই। যা ঐকমত্য হয়েছে, জনগণ বাকিটা ঠিক করবে। জনগণ যদি বলে, সেগুলোই বাস্তবায়িত হবে। আমরা আশা করছি খুব দ্রুতই জুলাই সনদের আইনি ভিত্তির মাধ্যমে আমরা নির্বাচনের দিকে যাবো। গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষাকে ধারণ করেই আমরা সামনের দিকে এগিয়ে যাচ্ছি।" তিনি আরও বলেন, "আমরা চাই আগামীর সংসদ এবং সংস্কার পরিষদে

৩-এর পৃষ্ঠা দেখুন

# জোট নয়, সমঝোতার ভিত্তিতে নির্বাচনী কৌশল নিচ্ছে জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামী কোনো রাজনৈতিক জোট গঠন করছে না। বরং সমমনা ইসলামি দল ও ব্যক্তিদের সঙ্গে সমঝোতার ভিত্তিতে নির্বাচন করবে দলটি। সিলেটে বুধবার জামায়াতের আমির ডা. শফিকুর রহমান বলেন, "আমরা কোনো জোট করছি না। নির্বাচনে প্রতিটি আসনে একটি বাক্স থাকবে–এই নীতিতেই কাজ করা হবে।" জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, সমমনা দলগুলোর সঙ্গে বসে নিশ্চিত করা হবে যে একই আসনে একাধিক প্রার্থী থাকবে না। আসনভিত্তিক এই সমঝোতা চলতি সময়ে চলছে। ২০২৪ সালের ৫ আগস্ট সরকার পতনের পর থেকে ইসলামপন্থি দলগুলোকে এক প্ল্যাটফর্মে আনার চেষ্টা করছিল জামায়াত, তবে আসন্ন নির্বাচনে তারা জোট

৩-এর পৃষ্ঠা দেখুন



# আফগানিস্তানে আবারও পাকিস্তানের গোলাবর্ষণ, উত্তেজনা বাড়ছে

সূর্যোদয় প্রতিবেদন

তুরস্কের ইস্তাম্বুলে যুদ্ধবিরতি বাস্তবায়ন নিয়ে আলোচনার মধ্যেই আফগান ভূখণ্ডে নতুন করে গোলাবর্ষণ চালিয়েছে পাকিস্তান– এমন অভিযোগ উঠেছে কাবুলের পক্ষ থেকে। বৃহস্পতিবার (৬ নভেম্বর) আফগান সামরিক বাহিনীর এক কর্মকর্তা ও স্থানীয় বাসিন্দারা বিষয়টি নিশ্চিত করেছেন। তাদের ভাষ্যমতে, পাকিস্তানি সেনারা সীমান্ত সংলগ্ন বেসামরিক এলাকায় হালকা ও ভারী অস্ত্র ব্যবহার করে টানা ১০ থেকে ১৫ মিনিট গোলাবর্ষণ চালায়। তবে এখন পর্যন্ত আফগান বাহিনী পাল্টা কোনো প্রতিক্রিয়া দেখায়নি। নাম প্রকাশে অনিচ্ছুক এক আফগান কর্মকর্তা বলেন, "ইস্তাম্বুলে চলমান শান্তি আলোচনা বিবেচনায় আমরা এখনো জবাব দিইনি।" পাকিস্তানের সেনাবাহিনীর পক্ষ থেকে এ বিষয়ে এখনো কোনো মন্তব্য পাওয়া যায়নি। এর আগে গত অক্টোবরের শুরুর দিকে কাবুলে একাধিক বিস্ফোরণের পর দুই

৩-এর পৃষ্ঠা দেখুন



# হরিয়ানার মতো বিহারেও ভোট চুরির চেষ্টা করছে এনডিএ: প্রিয়াঙ্কা গান্ধী

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী অভিযোগ করেছেন, ক্ষমতাসীন ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স (এনডিএ) হরিয়ানার মতোই

৩-এর পৃষ্ঠা দেখুন

# আকবরের ঝড়, মোসাদ্দেকের ঘূর্ণিতে কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

হংকং ইন্টারন্যাশনাল সিক্সেস টুর্নামেন্টে দুর্দান্ত জয় পেয়েছে আকবর আলীর নেতৃত্বাধীন বাংলাদেশ। শুক্রবার দ্বিতীয় ম্যাচে শ্রীলঙ্কাকে ১৪ রানে হারিয়ে কোয়ার্টার ফাইনালে জায়গা নিশ্চিত করেছে টাইগাররা। হংকংয়ের কোয়ান টং ক্রিকেট গ্রাউন্ডে টস জিতে প্রথমে ব্যাটিংয়ে পাঠায় শ্রীলঙ্কা। নির্ধারিত ৬ ওভারে বাংলাদেশ তোলে ৭৫ রান। ওপেনার জিসান আলম শূন্য রানে আউট হলেও অন্য ওপেনার হাবিবুর রহমান দ্রুত ইনিংস খেলেন ৭ বলে ২১ রানে, যার মধ্যে ছিল

৩-এর পৃষ্ঠা দেখুন



# বাংলাদেশ সীমান্তের কাছে ভারতের নতুন সেনা ঘাঁটি

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের চলমান রাজনৈতিক অস্থিরতার প্রেক্ষাপটে সীমান্তের একেবারে কাছে নতুন সামরিক ঘাঁটি স্থাপন করেছে ভারতীয় সেনাবাহিনী। পশ্চিমবঙ্গের উত্তর দিনাজপুর জেলার চোপড়া এলাকায় দ্রুততম সময়ে ("মিনিমাল টাইমফ্রেমে") এই ঘাঁটি গড়ে তোলা হয়েছে। একই সঙ্গে আসামের ধুবরিতে আরেকটি নতুন সামরিক

৩-এর পৃষ্ঠা দেখুন

# বিসিবির পক্ষপাতের শঙ্কায় স্বাধীন তদন্ত কমিটির দাবি তামিমের

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ নারী ক্রিকেট দলের সাবেক অধিনায়ক জাহানারা আলমের যৌন হেনস্তা ও অসদাচরণের অভিযোগ নিয়ে দেশের ক্রিকেট অঙ্গন এখন তোলপাড়। এ ঘটনায় বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) গঠিত তদন্ত কমিটির নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছেন জাতীয় দলের সাবেক অধিনায়ক তামিম ইকবাল। শুক্রবার এক ফেসবুক পোস্টে তামিম দাবি করেন, বিষয়টি তদন্তে বিসিবি-সংশ্লিষ্ট নয় এমন সদস্যদের নিয়ে একটি স্বাধীন কমিটি গঠন করতে হবে, যাতে কোনো পক্ষপাতের সুযোগ

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

# মোবাইল ফোন চুরি বা হারালে ব্লক করার প্রক্রিয়া

সূর্যোদয় প্রতিবেদন

ন্যাশনাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার (এনইআইআর) চালুর পর আগামী ১৬ ডিসেম্বর থেকে বন্ধ হবে অবৈধ সব হ্যান্ডসেট। মোবাইলফোন হারালে তা ব্লক করার প্রক্রিয়া ও কর্পোরেট গ্রাহকের ফোন ডি-রেজিস্ট্রেশনের উপায় জানিয়েছে বিটিআরসি। ব্লক করার প্রক্রিয়া : গ্রাহকের ব্যবহৃত হ্যান্ডসেট চুরি হলে বা হারিয়ে গেলে সিটিজেন পোর্টাল/মোবাইল অ্যাপস বা মোবাইল অপারেটরের গ্রাহক সেবাকেন্দ্র থেকে যেকোনো সময়ে লক বা আনলক করা যাবে। মুঠোফোন গ্রাহক ইউএসএসডি চ্যানেল বা এনইআইআরের সিটিজেন পোর্টাল বা মোবাইল অ্যাপস বা মোবাইল অপারেটরের কাস্টমার কেয়ার সেন্টারের



মাধ্যমে দেশের যেকোনো প্রান্ত থেকে এনইআইআর সিস্টেমের সেবা নিতে পারবেন। তবে যেসব গ্রাহকের ইন্টারনেট সংযোগ নেই, তাঁরা ইউএসএসডি চ্যানেল বা ১২১

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত্র ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ৮ নভেম্বর ২০২৫ ইং

## মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে দালালচক্রের দৌরাত্ম্য

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিত্র উদ্বেগজনক। সরকারি স্বাস্থ্যসেবা নিতে আসা সাধারণ মানুষ এখন চিকিৎসার চেয়ে বেশি ভুগছেন দালালচক্রের দৌরাত্ম্যে। প্রতিদিন হাসপাতালের ভেতরে ও গেটের পাশে সক্রিয় এসব দালাল রোগীদের বিভ্রান্ত করছে, সরকারি টেস্টের প্রতি অনাস্থা সৃষ্টি করে জোরপূর্বক বেসরকারি ক্লিনিকে নিয়ে যাচ্ছে। ফলে সাধারণ মানুষ একদিকে যেমন অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন, অন্যদিকে সরকারি স্বাস্থ্যব্যবস্থার প্রতি হারাচ্ছেন আস্থা। ডাক্তার প্রেসক্রিপশন লেখার সঙ্গে সঙ্গে দালালদের রোগী ঘিরে ধরার চিত্র এখন প্রকাশ্য গোপন নয়। “সরকারি মেশিনে রিপোর্ট ভালো আসে না”–এমন মিথ্যা তথ্য প্রচার করে তারা রোগীদের ভয় দেখাচ্ছে। অথচ এই সব টেস্ট সরকারি হাসপাতালে বিনামূল্যে বা অল্প খরচে করা সম্ভব। দালালদের এমন প্রতারণা শুধু নৈতিক অবক্ষয়ের উদাহরণ নয়, এটি সরাসরি সরকারি সেবাকে বাণিজ্যে পরিণত করার অপচেষ্টা। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা নিজেও বিষয়টি স্বীকার করেছেন, যা পরিস্থিতির গভীরতা আরও স্পষ্ট করে। প্রশাসন ও পুলিশের মাঝে মাঝে অভিযান চালালেও সমস্যার স্থায়ী সমাধান হচ্ছে না। এর অর্থ হলো–এ চক্রটি প্রভাবশালী ও সংগঠিত, যারা প্রশাসনিক নজরদারির ফাঁক গলে আবার সক্রিয় হয়ে ওঠে। সরকারি হাসপাতাল মানুষের আস্থার জায়গা হওয়া উচিত–ভয় বা প্রতারণার নয়। তাই এখনই সময়, মুজিবনগর উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগকে যৌথভাবে কঠোর পদক্ষেপ নিতে হবে। হাসপাতাল প্রাঙ্গণে দালালদের অনুপ্রবেশ রোধ, সিসিটিভি পর্যবেক্ষণ বৃদ্ধি, নিয়মিত পুলিশি টহল এবং অভ্যন্তরীণ কর্মীদের সম্পৃক্ততা যাচাই করতে হবে। পাশাপাশি জনসচেতনতা বাড়াতে হবে–সরকারি টেস্টের মান নিয়ে মিথ্যা ধারণা যেন আর কেউ ছড়াতে না পারে। মুজিবনগরের মানুষ যেন নিশ্চিন্তে সরকারি স্বাস্থ্যসেবা নিতে পারেন–এটি তাদের মৌলিক অধিকার। সেই অধিকার রক্ষায় প্রশাসনের দৃঢ় পদক্ষেপ এখন সময়ের দাবি।

## মির্জা ফখরুল

(প্রথম পৃষ্টার পর)

চলমান গভীর ষড়যন্ত্রের প্রতিরোধেই ৭ নভেম্বর সিপাহী-জনতার স্বতঃস্ফূর্ত বিপ্লব সংঘটিত হয়েছিল।” বিএনপি মহাসচিব অভিযোগ করে বলেন, “এখনও দেশে নির্বাচিত গণতান্ত্রিক সরকার গঠিত হয়নি। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের কোনো বিকল্প নেই। ৫ আগস্টের পর জনগণ কিছুটা স্বস্তির নিঃশ্বাস ফেললেও এখনো ন্যায়বিচার, জবাবদিহি ও সুশাসনের অঙ্গীকার বাস্তবায়িত হয়নি। বিভিন্ন জনপদে বিচারবহির্ভূত হত্যায় মানুষের প্রাণ যাচ্ছে। আইনি প্রতিকার থেকেও অসহায় মানুষ বঞ্চিত হচ্ছে।” তিনি আরও বলেন, “দেশের গণতন্ত্রকে হুমকির মুখে ফেলার নতুন চক্রান্ত চলছে। এসব ষড়যন্ত্র মোকাবিলায় জনগণকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে।” এর আগে বিএনপি মহাসচিবসহ দলের সিনিয়র নেতারা জিয়াউর রহমানের মাজারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন এবং দোয়া-মোনাজাতে অংশ নেন। এ সময় উপস্থিত ছিলেন দলের স্থায়ী কমিটির সদস্য, কেন্দ্রীয় নেতা এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

## ঐক্যের দিনে বিভক্ত বিএনপি

(প্রথম পৃষ্টার পর)

তাঁর অনুসারীরা আজ শনিবার পৃথকভাবে দিবসটি পালনের ঘোষণা দিয়েছেন। তাদের আয়োজনে জেলা বিএনপির মূল নেতৃত্বের কেউ অংশ নেবেন না বলে জানা গেছে।গাংনী : মেহেরপুরের গাংনী উপজেলাতেও জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পৃথকভাবে পালিত হয়েছে। শুক্রবার সকালে উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু। প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। প্রধান অথিথি তার বক্তব্যে বলেন, যখনই এই দেশ-জাতী সংকটে পড়েছে তখনই একমাত্র এই জিয়া পরিবারই জীবন বাজি রেখে জনগণের পাশে দাড়িয়েছে। স্বৈরশাসক এরশাদের হাত থেকেও দেশ ও জনগণকে রক্ষা করেছিলেন বেগম খালেদা জিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু। উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হকের সঞ্চালনায় বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, সাবেক সভাপতি রেজাউল হক, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবসহ স্থানীয় নেতৃবৃন্দ। আলোচনা সভায় উপজেলা ও পৌর বিএনপিসহ অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করে। অপর দিকে বিকেলে গাংনী ফুটবল মাঠে অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা ও পৌর বিএনপির আরেক অংশ। কাজিপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মতিউর রহমান মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি আমজাদ হোসেন। এ সময় বক্তব্য রাখেন জাহাঙ্গীর বিশ্বাস, সাবেক উপজেলা চেয়ারম্যান মোরাদ আলী ও আসাদুজ্জামান বাবলুসহ অন্যান্য নেতৃবৃন্দ। সভা শেষে একটি বর্ণাঢ্য র‍্যালি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। দলের ঐক্যের আহ্বান জানাতে গিয়ে মেহেরপুর ও গাংনীতে বিএনপির বিভক্ত দুই শিবিরে পৃথক কর্মসূচি পালনের বিষয়টি রাজনৈতিক মহলে নানা আলোচনার জন্ম দিয়েছে। স্থানীয় নেতারা বলছেন, আগামী নির্বাচনের আগে এই বিভাজন কাটিয়ে ওঠা না গেলে সংগঠনের মাঠের শক্তি ক্ষতিগ্রস্ত হতে পারে।

## হতাশার দেয়ালে ঠেকে রেশমার শেষ

(প্রথম পৃষ্টার পর)

হয়ে গেছে কুষ্টিয়ার দৌলতপুরের সীমান্তবর্তী গ্রামটি। স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা যায়, সৌদি প্রবাসী স্বামী রহিদুল ইসলাম কয়েক বছর আগে বিদেশে গেলেও স্ত্রী-সন্তানের খোঁজখবর রাখতেন না নিয়মিত। সংসারের খরচও পাঠাতেন না নিয়মমতো। রেশমা একাই সামলাতেন সংসার, সন্তানের যত্ন আর চারপাশের বাস্তবতার কষাঘাত। ছোট্ট লামিয়া কিছুদিন ধরে অসুস্থ ছিল। রেশমা চিকিৎসার ব্যবস্থা করতে পারেননি। দিন দিন মানসিক চাপ বাড়ছিল। কেউ একজন পাশে দাঁড়ায়নি। অবশেষে হতাশার দেয়ালে ঠেকে রেশমা এমন এক সিদ্ধান্ত নিলেন, যা ভাষায় প্রকাশ করা যায় না। রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সিরাজ মণ্ডল বলেন, “একজন মা তার সন্তানকে হত্যা করে নিজে আত্মহত্যা করেছেন–এর চেয়ে ভয়াবহ কিছু ভাবা যায় না। এটা শুধু একটি পরিবারের ট্র্যাজেডি নয়, সমাজেরও এক বড় ব্যর্থতা।” মনোবিদরা বলছেন, অর্থনৈতিক অস্থিরতা, একাকীত্ব ও পারিবারিক অশান্তি থেকে জন্ম নেওয়া হতাশা নারীদের মধ্যে ভয়াবহ মানসিক চাপ তৈরি করছে। রেশমার মতো অসংখ্য নারী প্রতিদিন নীরবে এমন মানসিক যন্ত্রণার মধ্যে দিয়ে যাচ্ছেন। বিশেষজ্ঞদের মতে, এই ধরনের ঘটনা রোধে সবচেয়ে জরুরি হলো সামাজিক সহানুভূতি ও মানসিক সহায়তা ব্যবস্থা গড়ে তোলা। অর্থনৈতিক সংকট, পারিবারিক নির্যাতন বা মানসিক চাপের মুখে থাকা নারীদের পাশে দাঁড়ানো দরকার–পরিবারের, সমাজের, রাষ্ট্রের।

## জুলাই স্মৃতি ফাউন্ডেশনের ১০

(প্রথম পৃষ্টার পর)

তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছেন বাদীপক্ষের আইনজীবী ইলতুৎমিশ সওদাগর এ্যানি ও তাহমিনা আক্তার লিজা। মামলার আসামিরা হলেন– সাইদুর রহমান শাহিদ, সাগর, ফাউন্ডেশনের সিনিয়র ভেরিফিকেশন অফিসার ইফতেখার হোসেন, কর্মকর্তা আফজালু রহমান সায়েম, এক্সিকিউটিভ মেম্বার সাবরিনা আফরোজ শ্রাবন্তী, সোনিয়া আক্তার লুবনা, ফাতেমা আফরিন পায়েল, কর্মকর্তা আলিফ, মেহেদী হাসান প্রিন্স ও জাহিদ। এজাহারে বলা হয়, গত বছরের ১৮ জুলাই কাঁচপুর ব্রিজ এলাকায় পুলিশের সহায়তায় কিছু “আওয়ামী সন্ত্রাসী” হামলা চালালে বাদী জাহাঙ্গীর গুলিবিদ্ধ হন। পরে তিনি চিকিৎসা নিয়ে সুস্থ হওয়ার পর গত ২৭ মে জুলাই স্মৃতি ফাউন্ডেশনের অফিসে যান এবং অনুদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দেন। বাদীর অভিযোগ, এ সময় ফাউন্ডেশনের কর্মকর্তারা তাকে একটি অন্ধকার কক্ষে ডেকে নিয়ে এলোপাতাড়ি মারধর করেন এবং ডান হাতে ইনজেকশন পুশ করে অচেতন অবস্থায় রাস্তায় ফেলে দেন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। বাদী আদালতের কাছে ঘটনার সুষ্ঠু তদন্ত ও আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আবেদন জানান।

## সাংবাদিক নিরাপত্তা: নীরবতা ভাঙার সময়

রাব্বি আহমেদ



সাংবাদিকতা হলো সমাজের আয়না। একটি শক্তিশালী গণমাধ্যম সমাজকে সচেতন করে, দুর্নীতি, চাঁদাবাজি, সন্ত্রাস ও অন্যায়ের বিরুদ্ধে মুখ খোলে। কিন্তু পেশাগত দায়িত্ব পালনের জন্য সাংবাদিকরা আজ বারবার হুমকি, নির্যাতন ও হত্যার শিকার হচ্ছেন। দেশের সাংবাদিক সমাজ নীরবতার বৃত্তে আটকে পড়ছে না বরং প্রকাশ্য দমন-নিপীড়নের শিকার হচ্ছে। মানবাধিকার সংস্থা ও গণমাধ্যম প্রতিবেদনের তথ্য অনুযায়ী, চলতি বছরে অন্তত ১২৬ জন সাংবাদিক হামলা-মামলার শিকার হয়েছেন। এর মধ্যে একজন নারী সাংবাদিক সংঘবদ্ধ ধর্ষণের মতো নৃশংস ঘটনার শিকার হয়েছেন। শুধু আগস্ট মাসে দেশের বিভিন্ন জেলায় ৯৬ জন সাংবাদিক নানাভাবে হামলা, হুমকি, আইনি হয়রানি ও শারীরিক নির্যাতনের সম্মুখীন হয়েছেন। এই ধরনের হামলা সাংবাদিক সমাজকে ভীত-সন্ত্রস্ত করার একটি পরিকল্পিত প্রচেষ্টা ছাড়া কিছু নয়। দুর্নীতি উন্মোচন, চাঁদাবাজি, সন্ত্রাস বা অন্যায়ের বিরুদ্ধে কথা বলার জন্য সাংবাদিকদের ওপর এই নিগ্রহ কখনোই কাম্য নয়। হামলাকারীদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনা এবং দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা সময়ের অত্যাবশ্যক দাবি। অন্যথায় সাংবাদিকরা নিজের পেশাগত দায়িত্ব পালন করতে ভয় পাবেন, আর গণমাধ্যমের স্বাধীনতা ধ্বংসের দিকে ধাবিত হবে। সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করা আদালত, প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাংবিধানিক দায়িত্ব। কিন্তু বারবার ব্যর্থতার কারণে সাংবাদিকরা নিজেদের সুরক্ষা নিশ্চিত করতে নতুন পথ খুঁজছেন। বর্তমান পরিস্থিতিতে সাংবাদিকদের নিরাপত্তা প্রদানের জন্য সরকারকে সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়ন করা, পাশাপাশি আত্মরক্ষার জন্য বৈধভাবে আগ্নেয়াস্ত্র ব্যবহারের অনুমতি দেওয়া অত্যন্ত জরুরি। সাংবাদিকরা শুধু খবর পরিবেশন করেন নাড় সমাজের চোখ ও কণ্ঠ। তাদের নিরাপত্তা রক্ষা করা মানে গণমাধ্যমের স্বাধীনতা, মানবাধিকার এবং জনস্বার্থ রক্ষা করা। নীরব থাকলে সমাজ অন্ধ হয়ে যাবে; তাই আজই সময় এসেছে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিতে সজাগ পদক্ষেপ নেওয়ার।

# চাশতের নামাজ সর্বনিম্ন চার রাকাত আর সর্বোচ্চ ৮ রাকাত

মাহমুদ হাসান ফাহিম

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘যুহা’ বা চাশতের সালাত কয় রাকাত আদায় করতেন? জবাবে আয়িশাহ (রাযিঃ) বললেন, তিনি ‘যুহা’ বা চাশতের সালাত সাধারণত চার রাকাত আদায় করতেন এবং অনেক সময় ইচ্ছামতো আরো বেশি আদায় করতেন। ‘আবদুল্লাহ ইবনু হারিস ইবনু নাওফাল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এমন কোনো লোকের সন্ধান পেতে আমি খুবই আকাঙ্ক্ষী ছিলাম এবং এ ব্যাপারে লোকদের জিজ্ঞেসও করতাম যে, এমন কেউ আমাকে এ মর্মে জ্ঞাত করতে পারবে যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সলাতুয ‘যুহা’ বা চাশতের সলাত আদায় করেছেন। তবে একমাত্র আবূ ত্বলিবের কন্যা উম্মু হানী ছাড়া আর কাউকেই এমন পাইনি যে, আমাকে এ ব্যাপারে কিছু অবহিত করতে পেরেছে। তিনি (উম্মু হানী) আমাকে জানিয়েছেন যে, মাক্কাহ বিজয়ের দিন সূর্যোদয়ের পর বেলা কিছু বাড়লে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কাছে আসলেন। একটি কাপড় আনা হলো এবং তা দিয়ে পর্দা করে দিলে তিনি গোসল করলেন। তারপর সলাতে দাঁড়ালেন এবং আট রাকাআত সালাত আদায় করলেন। উম্মু হানী (রাযিঃ) বলেছেন- এ সলাত তার কিয়াম (দাঁড়ানো) দীর্ঘতর ছিল, না রুকু দীর্ঘতর ছিল, না সাজদাহ দীর্ঘতর ছিল তা আমি জানি না। তবে কিয়াম, রুকু ও সাজদাহ সবগুলোই মনে হয় এক রকমের দীর্ঘ ছিল। উম্মু হানী (রাযিঃ) বলেছেন, এর আগে কিংবা পরে আর কখনো আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ‘সালাতুয যুহা’ বা চাশতের সালাত আদায় করতে দেখিনি। হাদিসটির বর্ণনাকারী মুরাদী এটি ইউনুস এর নিকট থেকে বর্ণনা করেছেন। তবে তিনি ‘আখবারানী’ অর্থাৎ ইউনুস আমাকে বলেছেন কথাটি উল্লেখ করেননি। (সহিহ মুসলিম হাদিস নং ১৫৫৩) শিক্ষা: চাশতের নামাজ নবীজির সুন্নাত। এর ওয়াক্ত সূর্যদয়ের পর থেকে সূর্য হেলা তথা জোহরের পূর্বের নিষিদ্ধ সময়ের আগ পর্যন্ত।

ফাউন্ডেশনের কর্মকর্তারা তাকে একটি অন্ধকার কক্ষে ডেকে নিয়ে এলোপাতাড়ি মারধর করেন এবং ডান হাতে ইনজেকশন পুশ করে অচেতন অবস্থায় রাস্তায় ফেলে দেন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। বাদী আদালতের কাছে ঘটনার সুষ্ঠু তদন্ত ও আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আবেদন জানান।

## গণতন্ত্র পুনরুদ্ধারে ঐক্যই মূল শক্তি

(প্রথম পৃষ্টার পর)

করা না হলে আওয়ামী লীগ ও ভারতীয় আধিপত্যবাদ ফেরার শঙ্কা তৈরি হবে। স্বৈরাচার শেখ হাসিনার পতন আন্দোলনে অংশ নেওয়া দলগুলোর ঐক্যের বিকল্প নেই। গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৪টায় ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী বাজারে নির্বাচনী গণসংযোগ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রাশেদ খাঁন বলেন, “আমরা যারা বিগত ষোলো বছর ধরে গণতন্ত্র পুনরুদ্ধারে যুগপৎ আন্দোলন করেছি, সেই কঠিন দিনগুলো ভুলে গেলে চলবে না।চ তিনি আরও বলেন, দেশ এখন নির্বাচনী ট্রেনে চলতে শুরু করেছে। বিএনপি, জামায়াত, গণঅধিকার পরিষদ, ইসলামী আন্দোলনসহ ফ্যাসিবাদ বিরোধী দলের কর্মীরা দীর্ঘদিন জেলজুলুম সহ্য করে গণতন্ত্র পুনরুদ্ধারে কাজ করেছেন। আগামী নির্বাচনে যে দলই বিজয়ী হোক, জাতীয় সরকার গঠনের জন্য আমরা কাজ করে যাচ্ছি। এ বিষয়ে বিএনপি চেয়ারম্যান তারেক রহমানও আলাপ আলোচনা চালিয়ে যাচ্ছেন।

ঝিনাইদহ-২ আসনে নির্বাচন প্রসঙ্গে রাশেদ খাঁন বলেন, “যিনি এই আসনে নির্বাচন করুন, তার জন্য আমাদের শুভকামনা। কেউ যেন অন্য দলের রাজনৈতিক কর্মসূচি কেন্দ্র করে পাল্টাপাল্টি কর্মসূচি না করে। ফ্যাসিবাদ বিরোধী শক্তির মধ্যে সংঘাত হলে আওয়ামী লীগের পথ সহজ হবে।চ

এর আগে বিকাল ৪টায় গণসংযোগে উপস্থিত ছিলেন জেলা গণঅধিকার পরিষদের সভাপতি প্রভাষক সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল রাজন, পেশাজীবী অধিকার পরিষদের সভাপতি রাসেল আহমেদ, ছাত্র অধিকার পরিষদের সভাপতি রিহান হোসেন রায়হান ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন। দলটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরাও উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে এসএসসি ব্যাচ-২০২০

(প্রথম পৃষ্টার পর)

আসে রাজবা খেলোয়াড়ের ব্যাট থেকে। জবাবে খেলতে নেমে ৮ নং ওয়ার্ড মাত্র ১১.৫ ওভারে ৪ উইকেট হারিয়ে লক্ষ্য পূরণ করে। দলের আবির সর্বোচ্চ ৮৬ রান করেন এবং তাকে ম্যান অব দ্য ম্যাচ ঘোষণা করা হয়। এছাড়াও শাফি ম্যান অব দ্য টুর্নামেন্ট নির্বাচিত হন। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনা।

## শখের ব্যবসা থেকে হয়ে উঠছে

(প্রথম পৃষ্টার পর)

সম্ভব। “এক জোড়া ককাটেল পাখির দাম ৪ থেকে ৫ হাজার টাকা, বাজেরিকা জাতের পাখি বিক্রি হয় ৫০০ টাকায়। এরা বছরে চারবার ডিম দেয়, তাই লাভজনক ব্যবসা,” বলেন শ্রাবন। কলেজ শিক্ষার্থী বাবুল আহমেদ বলেন, বন্ধুর পরামর্শে পাখি পালন শুরু করে এখন ১০ প্রজাতির পাখি পালন করছেন তিনি। “প্রতি মাসে ১০ থেকে ১৫ হাজার টাকার পাখি বিক্রি হয়। এতে পড়ালেখার খরচ নিজেই চালাতে পারি, পরিবারকেও সহায়তা করতে পারছি,” জানান বাবুল। মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মো. সাইদুর রহমান বলেন, “সৌখিন প্রজাতির পাখি পালন এখন বেকার যুবকদের কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরি করছে। আগ্রহীদের আমরা নিয়মিত পরামর্শ দিচ্ছি।” এদিকে জেলা বন কর্মকর্তা হামিম হায়দার সতর্ক করে বলেন, “বিদেশি পাখি পালনের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী লাইসেন্স নেওয়া বাধ্যতামূলক। দেশীয় পাখি কোনোভাবেই ক্রয়-বিক্রয় বা মিশ্রভাবে পালন করা যাবে না।” প্রশাসনের অনুমোদন ও সঠিক দিকনির্দেশনা মেনে চললে, গাংনীর তরুণ উদ্যোক্তাদের এই উদ্যোগ হয়ে উঠতে পারে দেশের পাখি শিল্পে এক সম্ভাবনাময় অধ্যায়।

## জুবায়ের হোসেন

(প্রথম পৃষ্টার পর)

ভিসা, ওয়ার্ক পারমিট কিংবা বিমান টিকিটের জটিল প্রক্রিয়ায় জুবায়ের ট্রাভেলস একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি পেয়েছে। জুবায়ের বলেন, “প্রবাসীরা দেশের অর্থনীতির রক্তস্রোত। তাঁদের ঘাম ও শ্রমেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। তাই তাঁদের পাশে দাঁড়ানো মানে দেশের পাশে দাঁড়ানো।” মানবিক এই দায়বদ্ধতার কারণে তিনি স্বল্পশিক্ষিত বা নতুন প্রবাস প্রত্যাশীদের জন্য বিশেষ পরামর্শ ও সহযোগিতা প্রদান করেন। প্রবাস সেবার পাশাপাশি তিনি ভ্রমণকেও সমান গুরুত্ব দেন। জুবায়ের ট্রাভেলস দেশি ও বিদেশি ভ্রমণের আয়োজন করছে–দার্জিলিং, সিকিম, কলকাতা, দোহা, মালয়েশিয়া ও থাইল্যান্ড সহ বিভিন্ন গন্তব্যে ভ্রমণ সম্পন্ন হয়েছে। দেশীয় পর্যটনের ক্ষেত্রেও সিলেট, চট্টগ্রাম, কক্সবাজার, সাজেক, কুয়াকাটা, যশোর ও রাজশাহীসহ বিভিন্ন ভ্রমণ আয়োজন করেছেন। এসব ভ্রমণের মাধ্যমে মেহেরপুরের তরুণদের মধ্যে ভ্রমণ, আলোকচিত্র ও পর্যটন-ভিত্তিক উদ্যোগের আগ্রহ বেড়েছে। স্থানীয় তরুণ ইয়ারুল ইসলাম বলেন, “জুবায়ের শুধু উদ্যোক্তা নন, তিনি বন্ধু, পরামর্শদাতা ও প্রেরণাদাতা। সহজ-সরল আচরণ, মিষ্টভাষা এবং মানবিক দৃষ্টিভঙ্গি তাঁকে আলাদা মর্যাদায় পৌঁছে দিয়েছে।” জুবায়ের হোসেনের বিশ্বাস, সৎ উদ্দেশ্য ও পরিশ্রমের মাধ্যমে মেহেরপুরের মতো সীমান্ত জেলা থেকেও বড় স্বপ্ন দেখা সম্ভব। তিনি বলেন, “তরুণদের ভ্রমণ, জ্ঞানার্জন ও প্রবাস জীবনের ইতিবাচক দিকগুলোতে যুক্ত করলে সমাজে নতুন প্রজন্ম আরও আত্মবিশ্বাসী ও আলোকিত হয়ে উঠবে।” ভবিষ্যতে মেহেরপুরে একটি আধুনিক ট্রাভেল ও ট্যুরিজম ইনফরমেশন সেন্টার গড়ে তোলার পরিকল্পনা রয়েছে, যেখানে প্রবাসগামীদের প্রশিক্ষণ ও পরামর্শ দেওয়া হবে এবং তরুণ উদ্যোক্তাদের তৈরি করা হবে। আজ জুবায়ের হোসেন শুধুমাত্র একজন ব্যবসায়ী নন, তিনি মেহেরপুরের তরুণ প্রজন্মের অনুপ্রেরণা, যিনি সীমান্তঘেষা ছোট শহর থেকে বিশ্ব ভ্রমণের দুয়ার খুলে দিয়েছেন। জুবায়ের ট্রাভেলস এখন ভ্রমণপ্রেমী ও প্রবাসসেবার নির্ভরযোগ্য নাম।

## মাসুদ অরুনের সঙ্গে সাক্ষাৎ

(প্রথম পৃষ্টার পর)

কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় তারা ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন। সাক্ষাতে মেহেরপুর সদর উপজেলা সভাপতি ফয়জুল কবির নেতৃত্ব দেন। অন্যদের মধ্যে ছিলেন সাধারণ সম্পাদক মোহাম্মদ সোহেল রানা, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আব্দুর রশিদ, জাদুখালি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোস্তফা সাইদ কামাল, সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আনিসুর রহমান রিটন, সি এইচ এস মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মোহাম্মদ আবু সাঈদ, শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহবুব রহমান, মোঃ রিপন আলী, সাবেক জেলা সভাপতি মোখলেসুর রহমান, উপজেলা সভাপতি জহিরুল ইসলাম ও জেলা সাংগঠনিক সম্পাদক আজিজুল ইসলাম।

## দেশব্যাপী জাতীয় বিপ্লব ও সংহতি

(প্রথম পৃষ্টার পর)

বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। সারাদেশের জেলা ও উপজেলা শাখাগুলোও একই ধরনের কর্মসূচি পালন করে।

এছাড়া বিএনপির সহযোগী সংগঠন ও স্থানীয় শাখাগুলো আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ফটো প্রদর্শনী, প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং অনাথ শিক্ষার্থীদের মাঝে শিক্ষাসামগ্রী বিতরণের মতো নানা আয়োজন করে।

দলটি আগামী ১২ নভেম্বর রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে কেন্দ্রীয় আলোচনা সভার আয়োজন করবে।

বৃহস্পতিবার এক ফেসবুক পোস্টে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেন, ‘৭ নভেম্বরের সিপাহি-জনতার বিপ্লব কেবল বাংলাদেশের ইতিহাসে একটি বড় মোড় ঘুরানো ঘটনা নয়, বরং এটি সাম্রাজ্যবাদ বিরোধী জাতীয়তাবাদী রাজনীতির সূচনা।’

তিনি বলেন, ‘এই বিপ্লব দেশের সার্বভৌমত্ব রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।’

তারেক রহমান আরও লেখেন, ‘সেদিন দেশপ্রেমে উদ্বুদ্ধ সিপাহি ও জনতা স্বাধীনতা রক্ষা ও গণতন্ত্র পুনরুদ্ধারের শপথ নিয়ে রাজপথে নেমেছিলেন। এই কারণেই ৭ নভেম্বরের বিপ্লব বাংলাদেশের ইতিহাসে একটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ ঘটনা হিসেবে বিবেচিত।’

তিনি আরও বলেন, ‘আমি বিশ্বাস করি, একটি শক্তিশালী গণতন্ত্র গড়ার জন্য ৭ নভেম্বরের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সব জাতীয়তাবাদী শক্তিকে ঐক্যবদ্ধ হতে হবে। এ মুহূর্তে স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করা অত্যন্ত জরুরি।’

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, ‘ সিপাহি-জনতার বিপ্লবের মধ্য দিয়ে বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ক্ষমতায় আসা দেশের জন্য ছিল টার্নিং পয়েন্ট।’

তিনি বলেন, ‘১৯৭৫ সালের ঐতিহাসিক ৭ নভেম্বর জনগণ সাম্রাজ্যবাদের ষড়যন্ত্র নস্যাৎ করেছিল। সিপাহি-জনতার বিপ্লবের মাধ্যমে রাষ্ট্রনায়ক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের উত্থান ছিল দেশের জন্য এক ঐতিহাসিক টার্নিং পয়েন্ট।’

বিএনপি মহাসচিব আরও বলেন, ‘জুলাই অভ্যুত্থানের পর গণতন্ত্র ধ্বংসের জন্য এখন নানা অপচেষ্টা ও ষড়যন্ত্র চলছে। ঐতিহাসিক ৭ নভেম্বরের চেতনায় সবাইকে ঐক্যবদ্ধ হয়ে এসব ষড়যন্ত্র রুখে দিতে হবে।’

আজ থেকে ৫০ বছর আগে, ১৯৭৫ সালের এই দিনে, সশস্ত্র বাহিনীর সদস্য ও সাধারণ জনগণের যৌথ বিপ্লবের মধ্য দিয়ে বাংলাদেশ অরাজকতা ও অনিশ্চয়তার অবস্থা থেকে বেরিয়ে নতুন এক যাত্রা শুরু করেছিল।

৭ নভেম্বর ১৯৭৫ সালে ঢাকাসহ সারাদেশের রাজপথে হাজারো মানুষ সিপাহি-জনতার এই অভ্যুত্থান উদযাপন করতে নেমে আসে। সেই মুহূর্তেই শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান রাষ্ট্রনায়ক হিসেবে আবির্ভূত হন।

জাতি আবারও তার কণ্ঠে রেডিওতে শুনেছিল- ‘আমি জিয়া বলছি’- সেই পরিচিত আহ্বান, যা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সূচনায় জনগণ প্রথম শুনেছিল। তার কণ্ঠে যেন আবার জীবন্ত হয়ে উঠেছিল স্বাধীনতার প্রেরণাদায়ক স্মৃতি। জনগণ যেন বুক থেকে এক ভারী পাথর নেমে যাওয়ার স্বস্তি অনুভব করেছিল।

রাজপথ ভরে গিয়েছিল বিপ্লব ও বিজয়ের স্বতঃস্ফূর্ত মিছিলে। সৈনিক ও সাধারণ মানুষ কাঁধে কাঁধ মিলিয়ে, হাতে হাত রেখে একসঙ্গে শ্লোগান তুলেছিল- ‘সি-পাহি-জনতা ভাই ভাই, বাংলাদেশ চিরজীবী হোক, মেজর জেনারেল জিয়াউর রহমান চিরজীবী হোন, সিপাহি-জনতা ঐক্যবদ্ধ হও।’

ঐতিহাসিক ৭ নভেম্বর তাই বাংলাদেশের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ মোড় হিসেবে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস হিসেবে পালিত হয়ে আসছে।

এই বিপ্লবের মাধ্যমে বাংলাদেশ অরাজকতা ও অনিশ্চয়তার অবস্থা থেকে মুক্ত হয়ে নতুন এক পথে যাত্রা শুরু করে। ওই দিন তৎকালীন সেনাপ্রধান মেজর জেনারেল জিয়াউর রহমান দেশকে ভূরাজনৈতিক, সম্প্রসারণবাদী ও নব্য ঔপনিবেশিক ষড়যন্ত্রের জাল থেকে মুক্ত করেন।

জাতীয় সংকটের সেই ক্রান্তিকালে দেশপ্রেমিক বিপ্লবী সিপাহি ও জনতা গণঅভ্যুত্থানের মাধ্যমে ষড়যন্ত্রকারীদের উৎখাত করে জেনারেল জিয়াকে নেতৃত্বে আনেন।

৭ নভেম্বরের পর থেকে আত্মমর্যাদাসম্পন্ন স্বতন্ত্র বাঙালি সংস্কৃতি ও জাতিসত্তার বিকাশ শুরু হয়। উদিত হয় নতুন আশার আলো, যার নায়ক ছিলেন ইতিহাসের সেই মহান সন্তান- শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান।

বছরের পর বছর নানা ষড়যন্ত্র চললেও, সেই সব ষড়যন্ত্র ভেদ করে জিয়া আজও মানুষের হৃদয়ে স্থায়ীভাবে জায়গা করে নিয়েছেন।

## নরমাল ডেলিভারি উৎসাহিত করতে

(প্রথম পৃষ্টার পর)

মা ও নবজাতকের জন্য শুভেচ্ছা উপহার ও ফ্রিতে জন্ম নিবন্ধন সনদ প্রদান করছেন। গতকাল শুক্রবার গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জেলা প্রশাসকের পক্ষে দুই মা ও নবজাতকের জন্য উপহার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে গাংনী উপজেলার নির্বাহী অফিসার আনোয়ার হোসেন উপস্থিত থেকে উপহার ও জন্ম নিবন্ধন সনদ তুলে দেন।

এ সময় মেডিকেল অফিসার ডা. বি. ডি. দাস (পিকলু), সিনিয়র স্টাফ নার্স আমেনা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির মাধ্যমে স্বাভাবিক প্রসবের প্রতি মানুষকে উদ্বুদ্ধ করা এবং মা- শিশুর সুরক্ষা নিশ্চিত করা লক্ষ্য করা হয়।

# জুলাই স্মৃতি ফাউন্ডেশনের ১০ কর্মকর্তার বিরুদ্ধে মামলা

সূর্যোদয় প্রতিবেদন

জিজ্ঞাসাবাদের নামে হত্যা ও নির্যাতনচেষ্টার অভিযোগে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের ১০ কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে। বৃহস্পতিবার (৬ নভেম্বর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. হাসিবুজ্জামান এর আদালতে মামলাটি করেন আহত জুলাইযোদ্ধা মো. জাহাঙ্গীর।

আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে শাহবাগ থানার ওসিকে তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছেন বাদীপক্ষের আইনজীবী ইলতুৎমিশ সওদাগর এ্যানি ও তাহমিনা আক্তার লিজা। মামলার আসামিরা হলেন– সাইদুর রহমান শাহিদ, সাগর, ফাউন্ডেশনের সিনিয়র ভেরিফিকেশন অফিসার ইফতেখার হোসেন, কর্মকর্তা আফজালু রহমান সায়েম, এক্সিকিউটিভ মেম্বার সাবরিনা আফরোজ শ্রাবন্তী, সোনিয়া আক্তার লুবনা, ফাতেমা আফরিন পায়েল, কর্মকর্তা আলিফ, মেহেদী হাসান প্রিন্স ও জাহিদ। এজাহারে বলা হয়, গত বছরের ১৮ জুলাই কাঁচপুর ব্রিজ এলাকায় পুলিশের সহায়তায় কিছু “আওয়ামী সন্ত্রাসী” হামলা চালালে বাদী জাহাঙ্গীর গুলিবিদ্ধ হন। পরে তিনি চিকিৎসা নিয়ে সুস্থ হওয়ার পর গত ২৭ মে জুলাই স্মৃতি ফাউন্ডেশনের অফিসে যান এবং অনুদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দেন। বাদীর অভিযোগ, এ সময় ফাউন্ডেশনের কর্মকর্তারা তাকে একটি অন্ধকার কক্ষে ডেকে নিয়ে এলোপাতাড়ি মারধর করেন এবং ডান হাতে ইনজেকশন পুশ করে অচেতন অবস্থায় রাস্তায় ফেলে দেন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। বাদী আদালতের কাছে ঘটনার সুষ্ঠু তদন্ত ও আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আবেদন জানান।

## ভেনেজুয়েলায় ক্ষেপণাস্ত্র পাঠাল রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের সম্ভাব্য হামলা ঠেকাতে ভেনেজুয়েলায় নতুন করে স্বল্প ও মাঝারি পাল্লার ক্ষেপণাস্ত্র পাঠিয়েছে রাশিয়া। দেশটির প্রতিরক্ষা উপদেষ্টা আলেক্সেই ঝুরাভলেভ এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, রুশ বিমানবাহিনীর ইল-৭৬ পরিবহন বিমান ব্যবহার করে এসব অস্ত্র পাঠানো হয়েছে। এর মধ্যে রয়েছে মাঝারি পাল্লার ‘বুক-এম২’ এবং স্বল্পপাল্লার ‘প্যানৎসির’ ক্ষেপণাস্ত্র ব্যবস্থা। আলেক্সেই ঝুরাভলেভ বলেন, “মস্কো ভেনেজুয়েলার অন্যতম প্রধান সামরিক-প্রযুক্তি অংশীদার।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
মেহেরপুর ইউনিট

স্মারক নং-মেহে/রেঃক্রিঃ/-২০২৫/১৫ | তারিখঃ ২৩/১০/২০২৫ খ্রি.

মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিটের বিশেষ সাধারণ সভা (OGM)-২০২৫ ও নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সম্মানিত সুধী,

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মেহেরপুর ইউনিটের এ্যাডহক কার্যনির্বাহী কমিটির গত ০৮/১০/২০২৫ খ্রি. তারিখ ০২ নম্বর সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৩/১১/২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০৯.০০ ঘটিকার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিটের বিশেষ সাধারন সভা (OGM)-২০২৫ অনুষ্ঠিত হবে। সংস্থার গঠনতন্ত্রের আলোকে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক একই দিন ১৩/১১/২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত, মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিট কার্যনির্বাহী কমিটির ০১ জন ভাইস-চেয়ারম্যান, ০১ জন সেক্রেটারী ও ০৫ জন সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে এবং নিদিষ্ট স্থানে উপস্থিত থাকার জন্য সম্মানিত সকল আজীবন সদস্যগনকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

স্থানঃ- মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন, মেহেরপুর।

বিশেষ সাধারন সভা-২০২৫, সময়ঃ- সকাল-১০.০০ ঘটিকা হতে সকাল-১১.০০ ঘটিকা পর্যন্ত।

ইউনিট কার্যনির্বাহী কমিটির নির্বাচন-২৫, সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।

**জরুরী বিষয়:** ভোটারদের সনাক্ত করনের জন্য সভায় যোগদান এবং ভোট দেওয়ার জন্য অবশ্যই বিজ্ঞপ্তির কপি ও জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে। অন্যথায় ভোট দানে সুযোগ দেওয়া হবে না।

২৩/১০/২০২৫
(মোঃ আশাদুল ইসলাম)
সেক্রেটারী
বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
মেহেরপুর ইউনিট।